[redacted]

[redacted]

মেহেরপুরে “আমার বঙ্গবন্ধু মোবাইল অ্যাপ” এর উদ্বোধন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও আদর্শের উপর ভিত্তি করে নির্মিত আমার বঙ্গবন্ধু মোবাইল অ্যাপ এর উদ্বোধন করা হয়েছে।

রবিবার বিকালে মেহেরপুরসহ দেশের বিভিন্ন জেলায় ভার্চুয়ালের মাধ্যমে এ অ্যাপ এর উদ্বোধন করেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর সার্বিক ব্যবস্থাপনায় এই অ্যাপ নির্মিত হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম এর সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে স্কাউট ও বিএনসিসি এর সদস্যরা উপস্থিত ছিলেন।

ফোন দিলেই মিলবে খতিয়ান কিংবা মৌজা ম্যাপ

খতিয়ান কিংবা ম্যাপ পেতে মোবাইল অ্যাপ কিংবা ওয়েব প্ল্যাটফর্মে ঢুকে আর আবেদন করতে হবে না; এমনকি ডিজিটাল সার্ভিস নেওয়ার জন্য স্মার্টফোনও থাকার বাধ্যবাধকতাও আর থাকছে না সে জন্য। যেকোনো ফোন থেকে শুধু ১৬১২২ নম্বরে ফোন করলেই হবে। ফোনের অপরপ্রান্ত থেকে ভূমিসেবা হটলাইন অপারেটরই গ্রাহকের হয়ে বাকি কাজ করে দেবেন। ১৬১২২-এ ফোন করে চার মিনিটেই খতিয়ান কিংবা মৌজা ম্যাপের আবেদন করা যাবে, দেওয়া যাবে এসবের ফিও। একইভাবে ভূমি উন্নয়ন করও পরিশোধ করা যাবে।

জমির খতিয়ান কিংবা জমির ম্যাপের জন্য
ঘরে বসেই ফোন করে জমির খতিয়ান কিংবা জমির ম্যাপ পাওয়ার জন্য

আবেদনকারী ১৬১২২ ফোন করে এনআইডিসহ জমির তথ্য প্রদান করার পর কল সেন্টার আবেদনকারীর পক্ষে খতিয়ান কিংবা জমির ম্যাপের আবেদন দাখিল করবে। এরপর আবেদনকারী তাঁর মোবাইলে একটি টোকেন পাবেন। আবেদনকারী টোকেন নম্বরটি দিয়ে মোবাইলের মাধ্যমে ফি প্রদান করলে তিনি মোবাইলে আবেদনের আইডি ও ডেলিভারির তারিখ পাবেন। নির্দিষ্ট তারিখে বাংলাদেশ ডাক বিভাগের প্রতিনিধি আবেদনকারীর ঠিকানায় খতিয়ান তথা পরচা কিংবা জমির ম্যাপ পৌঁছে দেবেন।

নাগরিক খতিয়ান (পরচা) দেখতে চাইলে
ভার্চুয়াল রেকর্ডরুম থেকে যেকোনো সময় যেকোনো স্থান থেকে যেকোনো নাগরিক খতিয়ান (পরচা) দেখতে পারবেন। সার্টিফাইড কপি কাউন্টার থেকে ডেলিভারির জন্য কোর্ট ফি ৫০ টাকা। ডাকযোগে নিজ ঠিকানায় খতিয়ান ডেলিভারির জন্য অতিরিক্ত ৪০ টাকা দিতে হবে।

ভূমি উন্নয়ন কর পরিশোধ
ঘরে বসেই ফোন করে যেভাবে ভূমি উন্নয়ন কর পরিশোধ করবেন: ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য ১৬১২২ নম্বরে কল করে (কিংবা land.gov.bd থেকে) এনআইডিসহ জমির তথ্য প্রদান করে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের তথ্য পাওয়ার পর ইউনিয়ন ভূমি অফিস অনুমোদন দিলে হোল্ডিং এন্ট্রি শেষ হবে। হোল্ডিং নাম্বারের তথ্য আবেদনকারীকে এসএমএসের মাধ্যমে প্রেরণ করা হবে। অতঃপর নাগরিককে আবার ১৬১২২ নম্বরে কল করে হোল্ডিংয়ের তথ্য প্রদান করতে হবে।

এরপর কল সেন্টার থেকে নাগরিকের মোবাইলে টোকেন নাম্বারের এসএমএস আসবে। মোবাইল ব্যাংকিংয়ের পে-বিলের মাধ্যমে টোকেন নাম্বার দিয়ে ৭২ ঘণ্টার মধ্যে ভূমি মালিক তাঁর জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে পারবেন। ভূমি উন্নয়ন কর পরিশোধের ৭২ ঘণ্টার মধ্যে ডিজিটাল দাখিলা নাগরিকের অ্যাকাউন্টে সংরক্ষিত হবে।

ডিজিটাল ফিন্যানশিয়াল সার্ভিস যেমন—নগদ, রকেট, বিকাশ, উপায় এবং যেকোনো ডেবিট কিংবা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি দেওয়া যাবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তাদের নিজস্ব লোগোর পরিবর্তে ব্যবহার করা হয়।

গুগলের প্রথম ডুডল যোগ হয় ১৯৯৮ সালের ৩০শে আগস্ট বার্নিং ম্যান ফেস্টিভ্যালের দিন। যখন গুগলের প্রতিষ্ঠাতা ল্যারি পেইজ ও সার্গেই বিন একটি উৎসবে নেভাদা গিয়েছিলেন, তখনি প্রথম এই আইডিয়াটি আসে।

এটি ডিজাইন করেছিলো গুগলের প্রতিষ্ঠাতা ল্যারি পেইজ ও সার্গেই বিন, এটি দেওয়ার কারণ ছিলো মূলত গুগল ব্যবহারকারীদের তাদের অনুপস্থিতি সম্পর্কে বার্তা দেওয়া। গুগলের প্রতিষ্ঠাতারা ভেবেছিলেন এর মাধ্যমে তারা জানিয়ে দেবেন যে কেন তারা অফিসে অনুপস্থিত। এরপর থেকেই ডুডল গুগলের একটি ঐতিহ্যে পরিণত হয়।

স্মার্টফোনে ৩ মিনিটেই ৫০ শতাংশ চার্জ!স্মার্টফোনে ৩ মিনিটেই ৫০ শতাংশ চার্জ!
পরবর্তীতে গুগল ডুডল ডিজাইন করার জন্য ‘ডুডলার’ নামে কর্মী নিয়োগ দেওয়া হয়। ২০১০ সালের জানুয়ারিতে গুগল, স্যার আইজ্যাক নিউটন-এর সম্মানার্থে প্রথমবারের মতো এনিমেটেড ডুডল প্রকাশ করে। প্যাক-ম্যান, উদযাপন উপলক্ষে প্রথমবারের মতো ইন্টারঅ্যাক্টিভ ডুডল প্রকাশ করা হয়। এটির মাধ্যমে ডুডলে হাইপারলিংকও দেওয়া শুরু হয়, যেটিতে ক্লিক করলে উক্ত বিষয়বস্তু সম্পর্কিত গুগলে অনুসন্ধান ফলাফল দেখানো হয়।

এ পর্যন্ত গুগল আঞ্চলিক ও আন্তর্জাতিক ডুডল মিলে মোট ৪০০০-এরও বেশি সংখ্যক ডুডল তাদের প্রধান পাতায় প্রদর্শন করেছে।

উদ্ভাবন ও সংযোজনে ভিভোর ব্লকবাস্টার বছর ছিল ২০২১

ভিন্ন ভিন্ন সিরিজের আধুনিক প্রযুক্তি সম্পন্ন বিভিন্ন স্মার্টফোন লঞ্চ, গ্রাহকসেবায় উন্নতি আর বিশ্বের নতুন নতুন দেশের বাজারে যাত্রা করেছে ভিভো। বেড়েছে ভিভো স্মার্টফোনের বিক্রি। ‘মোর লোকাল মোর গ্লোবাল’ স্লোগান নিয়ে ভিভো চালিয়ে

যাচ্ছে লোকাল ম্যানুফ্যাকচারিং কারখানার কার্যক্রম। নিত্যনতুন প্রযুক্তির জন্য ভিভো গ্রাহকদের নির্ভরতা ধরে রাখতে একের পর এক এনেছে ফ্ল্যাগশিপ ও প্রিমিয়াম ক্যাটাগরির স্মার্টফোন।

এই নিয়ে ২০২১ সাল ছিল স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান ভিভোর সরব একটি বছর। গত বছরের এতসব অর্জন নিয়েই নতুন বছরের পরিকল্পনা করেছে প্রতিষ্ঠানটি। ভিভোর ২০২১ সালের সব অর্জন নিয়েই আমাদের আজকের আয়োজন।

বৈচিত্র্যময় স্মার্টফোন
প্রযুক্তির সঙ্গে সঙ্গে দামের ভিত্তিতে বৈচিত্র্য এসেছে ভিভোর বিভিন্ন সিরিজেও। জেইস ইমেজিং প্রযুক্তির সঙ্গে বাজারে এসেছে ভিভোর প্রিমিয়াম মানের এক্স সিরিজ। আবার ভি সিরিজকে ভিভো বলছে অলরাউন্ডার সিরিজ, যার মিডরেঞ্জের দামের সঙ্গে রয়েছে আকর্ষণীয় ক্যামেরা প্রযুক্তি। আবার ওয়াই সিরিজে রয়েছে তরুণদের জন্য বাজেট স্মার্টফোনের নানা সমাহার।

উন্নয়ন ও গবেষণা
২০২১ সালে উন্নয়ন ও গবেষণা খাতেও প্রচুর কাজ করেছে ভিভো। যার ফলস্বরূপ তারা উন্মোচন করেছে ইমেজিং চিপ ভি১। চিপ ডিজাইনের ক্ষেত্রে ভিভোর মৌলিক গবেষণায় এটি প্রথম সফলতা। চিপ ভি১ ছবি তোলা ও ভিডিওগ্রাফির মান উন্নয়নে উল্ল্যেখযোগ্য ভূমিকা রাখবে।

বিশ্বের দ্বিতীয় দ্রুত বর্ধনশীল ৫জি স্মার্টফোন ব্র্যান্ড
৫জি স্মার্টফোনের উল্ল্যেখযোগ্য উন্নতি এনেছে ভিভো। একইসঙ্গে বাজারে নিজেদের ৫জি সক্ষমতার স্মার্টফোনের সংখ্যা বাড়ানোর ঘোষণাও দিয়েছে প্রতিষ্ঠানটি। ২০২১ এর প্রথম প্রান্তিকে ভিভো বিশ্বের দ্বিতীয় দ্রুত বর্ধনশীল ৫জি স্মার্টফোন ব্র্যান্ড হিসেবে নির্বাচিত হয়েছে। এ প্রান্তিকে ভিভো ১৯ মিলিয়ন ইউনিট ৫জি স্মার্টফোন সরবরাহ করেছে, যা এর আগের প্রান্তিকের চাইতে ৬২ শতাংশ বেশি। সব মিলিয়ে ২০২১ সালে ৫জি স্মার্টফোনের বাজারে নিজেদের শক্ত অবস্থান তৈরি করেছে ভিভো।

ভিভো-জেইস পার্টনারশিপ
অসাধারণ স্মার্টফোন ফটোগ্রাফির অভিজ্ঞতা নিশ্চিত করতে একত্রিত হয়েছে বিশ্বের দুই শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠান ভিভো ও কার্ল জেইস। শীর্ষ অপটিক্স এবং অপটোইলেকট্রনিক্স প্রতিষ্ঠান জেইস

বর্তমানে কাজ করছে ভিভোর প্রিমিয়াম হ্যান্ডসেটগুলো নিয়ে। দেশে যাত্রা করা এক্স৬০প্রো এবং এক্স৭০প্রো ৫জি’তে ইতিমধ্যেই যুক্ত হয়েছে কার্ল জেইসের ক্যামেরা লেন্স। ভিভো এবং জেইসের নিজস্ব প্রযুক্তিগুলোকে সমন্বয় করে স্মার্টফোন ক্যামেরার সকল সীমাবদ্ধতাগুলোকে অতিক্রম করার প্রয়াস রয়েছে ভিভোর।

ইউরো পার্টনারশিপ, ’টু বিউটিফুল মোমেন্টস ক্যাম্পেইন’
বিশ্ব ফুটবলের অন্যতম টুর্নামেন্ট ইউরো চ্যাম্পিয়নশীপের উল্ল্যেখযোগ্য স্পন্সর ভিভো। ২০২১ এর ইউরো খেলায় ‘টু বিউটিফুল মোমেন্টস’ নামে একটি ক্যাম্পেইন শুরু করে ভিভো। যাতে দর্শকরা ভার্চুয়ালি এবং লাইভেও অংশগ্রহণ করেছে। টুর্নামেন্টের সময় ভিভো’র আয়োজনে বিশ্বের বিভিন্ন প্রান্তের মানুষেরা তাদের বন্ধু, পরিবার ও স্বজনদের সঙ্গে খেলা উপভোগ করতে পেরেছে।

৫জি প্রযুক্তিতে উদ্ভাবন
আরো বেশি পরিমাণ অঞ্চলকে ৫জি নেটওয়ার্কের আওতায় নিয়ে আসতে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে ভিভো। এরই অংশ হিসেবে ২০টিরও বেশি ৫জি মডেল বিশ্বের বিভিন্ন দেশের বাজারে নিয়ে এসেছে প্রতিষ্ঠানটি। এর মধ্যে বাজেট স্মার্টফোনের পাশাপাশি রয়েছে ফ্ল্যাগশিপও। ৫জি প্রযুক্তির ওপর ভিভোর তিন হাজারেরও বেশি প্যাটেন্ট রয়েছে। এবং থার্ড জেনারেশন পার্টনারশিপ প্রজেক্টের (৩জিপিপি) মধ্যে শীর্ষ ৮ কোম্পানিতেও তালিকাভুক্ত হয়েছে ভিভো।

ন্যাশনাল জিওগ্রাফির সঙ্গে পার্টনারশীপ, ভিশন+ মোবাইল ফটো অ্যাওয়ার্ডস
বিশ্বে মোবাইল ইমেজের ইকো সিস্টেম তৈরি করতে দ্বিতীয়বারের মতো ন্যাশনাল জিওগ্রাফির সঙ্গে পার্টনারশিপে যুক্ত হয়েছে ভিভো এবং যৌথভাবে শুরু করেছে ভিশন+ মোবাইল ফটো অ্যাওয়ার্ডস। প্রখ্যাত ফটোগ্রাফার মার্টিন পার এবং শিয়াও কুয়ানের মতো আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠিত ফটোগ্রাফারদের তোলা ছবিগুলো বিশ্বের নানা প্রান্তের মানুষকে অনুপ্রাণিত করে।

প্রযুক্তি বিশেষজ্ঞদের মতে, ২০২১ সালের এই ধারাবাহিকতা রক্ষা করতে পারলে ২০২২ সালটিও সফল একটি বছর হতে পারে ভিভোর জন্যে।

ইইউর গোপনীয়তায় আঘাত, গুগল-ফেসবুককে বড় জরিমানা ফ্রান্সের

প্রযুক্তি জায়ান্ট গুগল ও সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুককে বিশাল অঙ্কের জরিমানা করেছে ফ্রান্স। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এক প্রতিবেদনে জানিয়েছে, তাদের ২১০ মিলিয়ন ইউরো জরিমানা করা হয়েছে। বিবিসির ওই প্রতিবেদনে আরো বলা হয়েছে, ‘কুকিস’ ব্যবহারের নীতির কারণেই এ জরিমানার মুখে পড়তে হয়েছে গুগল ও ফেসবুককে। জানা গেছে, ইন্টারনেট ব্যবহারকারীদের নানা তথ্যের ওপর নজর রাখতেই কুকিস ব্যবহার করা হয়।

ডেটা প্রাইভেসি ওয়াচডগ সিএনআইএল বলেছে যে, ইন্টারনেট ব্যবহারকারীদের জন্য অনলাইন ট্র্যাকারদের প্রত্যাখ্যান করা কঠিন করে তুলছে ফেসবুক ও গুগল।

এ কারণে পুরো ইউরোপে ব্যাপক চাপের মুখে পড়েছে ফেসবুক, গুগল ছাড়াও অ্যাপল এবং আমাজনের মতো প্রতিষ্ঠান। সোশ্যাল-মিডিয়া প্রতিষ্ঠানগুলোকে নিয়ম মেনে চলার জন্য তিন মাস সময় দেওয়া হয়েছে। বিলম্বের জন্য দৈনিক এক লাখ ইউরো জরিমানা গুনতে হবে।

প্রতিষ্ঠানগুলো কোন নীতিতে পরিচালনা করা হবে, সে বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নানা নীতিমালা জারির পরিকল্পনা করা হচ্ছে।

প্রসঙ্গত, ইন্টারনেট ব্যবহারকারীরা কম্পিউটার বা মুঠোফোনের মাধ্যমে নানা ওয়েবসাইটে ঢুকে থাকে। এ সংক্রান্ত কুকিস সংরক্ষিত থাকে ওয়েব ব্রাউজারে। গুগল ও ফেসবুকের মতো প্রতিষ্ঠানের কাছে এসব কুকিস মহা মূল্যবান। এসব তথ্যের ভিত্তিতেই বিজ্ঞাপন দিয়ে বিশাল অঙ্কের মুনাফা হাতিয়ে নেয় তারা। অথচ এ প্রক্রিয়ায় ইন্টারনেট ব্যবহারকারীদের ব্যক্তিগত তথ্যগুলো বেহাত হওয়ার ঝুঁকি থাকে।

সিএনআইএল জানিয়েছে- ফেসবুক, গুগল ও ইউটিউব ব্যবহারকারীদের কুকিস ব্যবহার এড়িয়ে যাওয়ার কোনো সুযোগ রাখা হয়নি ফ্রান্সে। সে কারণে ব্যবহারকারীদের তথ্য পেয়ে যাচ্ছে প্রতিষ্ঠানগুলো। আর তাতে

করে চরম ঝুঁকিতে পড়ছে ব্যবহারকারীরা।

ফ্রান্সের কঠোর পদক্ষেপে অবশ্য এরই মধ্যে গুগলের টনক নড়েছে। কুকিস ব্যবহারের অভ্যাস পাল্টানোর ইঙ্গিত এরই মধ্যে দিয়েছে গুগল। এক বিবৃতিতে গুগল জানিয়েছে, ইন্টারনেট ব্যবহারকারীদের চাওয়া-পাওয়া অনুযায়ী তারা নতুন পরিবর্তনগুলো বাস্তবায়ন করবে। সূত্র: বিবিসি।

কম্পিউটারে বাংলা প্রচলনের পথিকৃৎ সাইফুদ্দাহার

কম্পিউটারে বাংলা প্রচলনের পথিকৃৎ শহীদলিপির নির্মাতা প্রকৌশলী সাইফুদ্দাহার শহীদ মারা গেছেন। যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকো অঙ্গরাজ্যের আলবুকার্কে স্থানীয় সময় রোববার বেলা একটায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি বেশ কয়েক বছর ধরে আলঝেইমারসহ নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে যন্ত্রকৌশলে স্নাতক সাইফুদ্দাহার শহীদ ফৌজদারহাট ক্যাডেট কলেজের ক্যাডেট ছিলেন। বেক্সিমকো কম্পিউটারসের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন তিনি। এরপর ন্যাশনাল কম্পিউটারস নামে ঢাকায় নিজের প্রতিষ্ঠান চালু করেন। এই প্রতিষ্ঠান থেকেই শহীদলিপি বাজারজাত করা হয়। নব্বইয়ের দশকের গোড়ার দিকে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান তিনি। এরপর থেমে যায় শহীদলিপির যাত্রা।

দেশের তথ্যপ্রযুক্তি ব্যবসা খাতের প্রথম সংগঠন বাংলাদেশ কম্পিউটার সমিতির প্রতিষ্ঠাকালীন সহসভাপতি ছিলেন সাইফুদ্দাহার শহীদ। ১৯৭৯ সালের ২০ মে তার উদ্যোগে গঠিত হয় বাংলাদেশ অ্যামেচার রেডিও লিগ (বিএআরএল)। এই সংগঠনে তার সহকর্মী মুনিম হোসেন জানান, সাইফুদ্দাহার শহীদ বাংলাদেশ অ্যামেচার রেডিও প্রচলনেরও প্রধান পথপ্রদর্শক। মূলত সাইফুদ্দাহার শহীদের উদ্যোগে ১৯৮২ সালে বিএআরএল আন্তর্জাতিক অ্যামেচার রেডিও ইউনিয়নের সদস্যপদ লাভ করে। এরপর ১৯৯১ সালের ২৯ এপ্রিল বাংলাদেশে উন্মুক্ত হয় অ্যামেচার

রেডিও। সাইফুদ্দাহার শহীদ দেশের প্রথম অ্যামেচার রেডিও লাইসেন্সধারী (কল সাইন S21A)।

জানা যায় ১৯৮৪ সালের জানুয়ারিতে অ্যাপল কম্পিউটার ম্যাকিন্টস কম্পিউটার বাজারজাত করার পর সাইফুদ্দাহার শহীদ লন্ডনে বসেই ম্যাক অপারেটিং সিস্টেম এবং ম্যাক রাইট সফটওয়্যারের বাংলা অনুবাদ করেন ও একটি বাংলা ফন্ট তৈরি করেন। এই উদ্ভাবনকেই তিনি শহীদলিপি নামে বাজারজাত করেন। এই সফটওয়্যারটি প্রথমে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে ব্যবহৃত হয়। এরপর শহীদলিপি বিভিন্ন সাময়িকী ও সংবাদপত্র প্রকাশনায়ও ব্যবহৃত হয়। যদিও শারীরিক অসুস্থতা ও বিদেশ চলে যাওয়ার কারণে শহীদলিপির আপডেট আর হয়নি।

ভিডিও গেমের বিরুদ্ধে কি যুদ্ধ ঘোষণা করল চীন

ভিডিও গেমের বিরুদ্ধে একপ্রকার অলিখিত যুদ্ধই যেন ঘোষণা করেছে চীন। এত সূক্ষ্ম যুদ্ধের কারণে বেশ কিছু দেশীয় প্রকাশক তাদের দরজা বন্ধ করে দিয়েছে বলে জানা গেছে। দেশটির ন্যাশনাল প্রেস অ্যান্ড পাবলিকেশন অ্যাডমিনিস্ট্রেশন (এনপিপিএ) ২০২১ সালের জুলাই থেকে কোনো গেম ডেভেলপারকে নতুন লাইসেন্স জারি করেনি। এতে বেশ কয়েকটি স্থানীয় সংস্থা ব্যবসা বন্ধ করতে একপ্রকার বাধ্য হয়েছে।

অন্যদিকে যেসব প্রতিষ্ঠান একটু বড় ও ব্যবসা ভালো, তারা বিদেশে ব্যবসা স্থানান্তরের চেষ্টা চালাচ্ছে। এনপিপিএর নিষ্ক্রিয়তার জন্য এমনটি ঘটছে, নাকি চীনের বিস্তৃত ঋণসংকটও অন্যতম কারণ—বিষয়টি এখনো পরিষ্কার নয়। গত বছর ভিডিও গেমের সমালোচনা করে বেশ প্রচারণাও চালিয়েছে দেশটি। রাষ্ট্রীয় মালিকানাধীন সংবাদপত্রগুলো ভিডিও গেমকে ‘আধ্যাত্মিক আফিম’ হিসেবেও বর্ণনা করেছে।

গত আগস্টে শিশুদের গেম খেলার সময়সীমা সপ্তাহে মাত্র তিন ঘণ্টায় নামিয়ে এনেছে দেশটি। একই সঙ্গে নিজেদের বড় বড় প্রযুক্তি প্রতিষ্ঠানকেও কোণঠাসা করতে শুরু করেছে চীনা সরকার।

[redacted]

[redacted]